অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) ভোক্তাদের সুরক্ষা দিতে এবং নিউ ইয়র্কবাসীর পকেটে অর্থ রাখতে নতুন আইনের প্রস্তাবনা করলেন

রিটার্নের জন্য 30-দিনের উইন্ডো আবশ্যক করবে, ভোক্তাদের একটি ইউনিফর্ম স্ট্যান্ডার্ড দিবে

ভোক্তাকে না জানিয়ে দাম স্থির করার জন্য ওয়েবসাইটগুলির ব্যক্তিগত ডেটা ব্যবহার করা থেকে সুরক্ষা দিবে

কম আয়ের কাস্টোমারদের টার্গেট করে এমন প্রতারণামূলক ওভারড্রাফ্ট ফি-র বিরুদ্ধে কাজ করবে

'এখন কিনে পরে দাম দেওয়ার' ঋণের নিয়ন্ত্রণ করবে এবং লাইসেন্সিং ও সুপারভিশন ফ্রেমওয়ার্ক স্থাপন করবে

ভোক্তাদের জন্য আরো সরল, আরো স্বচ্ছ একটি প্রক্রিয়ার মাধ্যমে সাবস্ক্রিপশন বাতিল বা রিনিউ করা আরো সহজ করবে

ক্লেইম করা হয়নি এমন তহবিল কাস্টোমারদের ফেরত দিতে এনার্জি সার্ভিস কোম্পানিগুলিকে বাধ্য করবে

বয়স্কদের আর্থিক প্রতারণার মোকাবেলা করবে এবং ফ্রড কর্মকাণ্ড থেকে সুরক্ষা দিবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে তার 2025 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে নিউ ইয়র্কের (New York) ভোক্তাদের রক্ষা করার জন্য নতুন প্রস্তাবনা ঘোষণা করেছেন। এর মধ্যে আছে অনলাইনে কেনাকাটা করা ভোক্তাদের সুরক্ষা করা, প্রতারণামূলক প্র্যাকটিসের বিরুদ্ধে কাজ করা এবং উদীয়মান ইন্ডাস্ট্রিগুলির নিয়ন্ত্রণ করা।

"নিউ ইয়র্কবাসীরা লুকানো ফি দিয়ে, অতিরিক্ত চাপ সৃষ্টিকারী পলিসি, বিভ্রান্তিকর বিস্তারিত এবং অন্যায্য প্র্যাকটিসের কারণে ঠকতে ঠকতে ক্লান্ত হয়ে গেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অনলাইনে কেনাকাটা এখন অন্য যেকোনো সময়ের থেকে বেশি জনপ্রিয়, এবং সময়ের পরিবর্তনের সাথে সাথে আমাদেরকে আমাদের আইন সংশোধন করতে হবে। সেজন্য

আমি দেশসেরা ভোক্তা সুরক্ষার প্রস্তাব করছি যেখানে ভোক্তার অধিকারকে অগ্রাধিকার দেওয়া হবে এবং নিউ ইয়র্কবাসীদের কষ্টে উপার্জিত অর্থ তাদের পকেটেই রাখা হবে।"

নিউ ইয়র্কবাসীরা যখন ইনফ্লেশনের আর্থিক চাপ সহ্য করে যাচ্ছে তখন গভর্নর Hochul (হোকল) পরিবারগুলির পকেটে আরো অর্থ দিতে, এবং তা যাতে সেখানেই থাকে তা নিশ্চিত করাকে নিজের অগ্রাধিকার করেছেন। লুণ্ঠনমূলক ব্যাংক ফি-র বিরুদ্ধে কাজ করা থেকে শুরু করে কমন সেন্স লেজিস্লেশন সাইন করা, ডেটা চুরির বিরুদ্ধে সুরক্ষা দেওয়া পর্যন্ত, গভর্নর Hochul (হোকল) ভোক্তাদের জন্য লড়াই করেছেন। ভোক্তাদের জন্য অ্যাডভোকেট করার তার কাজের উপর ভিত্তি করে গভর্নর Hochul (হোকল) এমন পলিসির প্রস্তাব করেছেন যা নিশ্চিত করবে যাতে কমন সেন্স, বাস্তবসম্মত ভোক্তা সুরক্ষা স্থির করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট নেতৃত্ব দিতে পারে, যা পকেটবুককে নিরাপদ রাখবে এবং পরিবারগুলিকে অগ্রসর হতে সাহায্য করবে।

স্ট্যান্ডার্ডাইজড 30-দিনের রিটার্ন ও রিফান্ড

ভোক্তাদের অনলাইনে কেনাকাটা বাড়ছে, তারা আরো বেশি রিটার্ন করছে, এবং নানা ধরণের রিটার্ন উইন্ডো, রিস্টকিং ফি, রিফান্ড ফর্ম্যাট, শিপিং প্র্যাকটিস ইত্যাদি অনেক কিছুর মধ্যে দিয়ে ঘুরপাক খেতে হচ্ছে এবং তা বেড়েই চলেছে। নিউ ইয়র্কবাসীরা জানে নানা রকম রিটার্ন পলিসি নিয়ে কাজ করা কতটা কঠিন, বিশেষ করে ছুটির মৌসুমের সময়, যা কখন তারা একটি উপহার ফেরত পাঠাতে পারবে বা ফিট হয় না এমন কাপড় বদলাতে পারবে সেটিকে প্রভাবিত করে।

ই-কমার্স বিক্রি বাড়ছে এবং প্রতি বছর মোট রিটার্নের পরিমাণ কয়েক বিলিয়ন মার্কিন ডলারের হয়, তাই নিউ ইয়র্কবাসীদের আরো শক্ত ভোক্তা সুরক্ষা প্রাপ্য। গভর্নর Hochul (হোকল) লেজিস্লেশন প্রস্তাব করেছেন যা খুচরা বিক্রেতাদের জন্য নানা ধরণের পণ্যের জন্য সর্বনিম্ন 30-দিনের রিটার্ন উইন্ডো অফার করা আবশ্যক করবে, যদি না অন্য কিছু বলা থাকে। গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাটি মাঝারি আকারের এবং অপেক্ষাকৃত বড় ব্যবসার জন্য স্থির করা হবে এবং এর মধ্যে পচনযোগ্য, কাস্টোমাইজ করা, চূড়ান্ত বিক্রির পণ্য, বা রিটার্নের যোগ্য নয় এমন পণ্য থাকবে না। যুগান্তকারী উদ্যোগটি ভোক্তা অধিকারের জন্য নতুন একটি স্ট্যান্ডার্ড তৈরি করবে এবং অনলাইনে কেনাকাটাকে নিউ ইয়র্কবাসীদের জন্য আরো ন্যায্য এবং আরো নির্ভরযোগ্য করবে।

অ্যালগোরিদমের সাহায্য দামের বৈষম্যের বিরুদ্ধে লড়াই

ভোক্তারা যেতেও অনলাইনে নিজেদের আরো বেশি সময় ও অর্থ খরচ করছে, তাই তারা আরো তথ্যও শেয়ার করছে, যেমন ব্রাউজ করার আচরণ, অবস্থান, এবং যে কোম্পানিগুলির সাথে তারা যোগাযোগ করে তাদের থেকে কেনার ইতিহাস। যদিও কিছু কোম্পানি অতীতে বাইরের বাজারের পরিস্থিতির উপর ভিত্তি করে দাম বদল করেছে, এখনকার টেকনোলজির কারণে কর্পোরেশনগুলি ব্যাপক পরিমাণ ব্যক্তিগত ডেটা সংগ্রহ করতে পারে, সেগুলি অ্যালগোরিদমে যোগ করতে পারে, এবং একজন ভোক্তার জন্য স্বতন্ত্র এমন একটি দাম তৈরি করতে এই ব্যবস্থাগুলিকে ব্যবহার করতে পারা সম্ভব। এই প্র্যাকটিস, FTC যার নাম দিয়েছে সার্ভেইলেন্স প্রাইসিং, তা ভোক্তাদের তুলনা করে কেনা, পণ্য ও সেবার দাম নিয়ে পরিকল্পনা করার ক্ষমতা কেড়ে নিতে পারে, এবং কিছু কিছু ক্ষেত্রে এটি বৈষম্যমূলকও হতে পারে।

গভর্নর Hochul (হোকল) দেশের প্রথম লেজিস্লেশন প্রস্তাব করছেন যা ব্যবসাগুলির জন্য অনলাইনে কেনাকাটা করা ব্যক্তিদের জানিয়ে দেওয়া আবশ্যিক করবে যে কখন তাদের ব্যক্তিগত ডেটা ব্যবহার করে দাম স্থির করা হয়েছে। পণ্যের দাম স্থির করার ক্ষেত্রে কোম্পানিগুলি ব্যক্তির বিরুদ্ধে বৈষম্য করছে না তা নিশ্চিত করার জন্য গভর্নর Hochul (হোকল) দাম স্থির করার ক্ষেত্রে সংরক্ষিত শ্রেণীর ডেটা ব্যবহার করা বিশেষ করে নিষিদ্ধ করতে কাজ করবেন, যার মধ্যে বয়স এবং লিঙ্গ থাকবে কিন্তু যা এতে সীমিত হবে না।

ওভারড্রাফ্ট এবং অপর্যাপ্ত তহবিলের ফি-র বিরুদ্ধে সুরক্ষা জোরদার
ওভারড্রাফ্ট এবং অপর্যাপ্ত তহবিলের ফি কম ও মাঝারি আয়ের নিউ ইয়র্কবাসীদের অধিক অনুপাতে ক্ষতি করে। 2023 সালের নভেম্বর মাসে গভর্নর Hochul (হোকল) একটি লেজিস্লেশনে সাইন করেছেন যা ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেসকে (Department of Financial Services) শোষণমূলক ফি প্র্যাকটিস নিয়ন্ত্রণ করার ক্ষমতা দেয়, যেমন চেক এবং অপর্যাপ্ত তহবিলের চার্জের জন্য পেমেন্টের অর্ডার।

গভর্নর Hochul (হোকল) ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেসকে নির্দেশ দিবেন যাতে তারা প্রতারণামূলক ব্যাংকিং প্র্যাকটিস বন্ধ করতে এবং একই সাথে উচ্চমানের ব্যাংকিং সার্ভিসের অ্যাক্সেস ধরে রাখতে নিয়ম তৈরি করে। এই নিয়মগুলি লুণ্ঠনমূলক ফি নিষিদ্ধ করবে, দৈনিক ওভারড্রাফ্ট চার্জের সংখ্যা সীমিত করবে, এবং সময়মতো নোটিফিকেশন দেওয়ার মাধ্যমে স্বচ্ছতা বাড়াবে। এই ব্যবস্থাগুলি ভোক্তাদের সুরক্ষা দিবে এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য অ্যাক্সেসিবল এবং সাশ্রয়ী ব্যাংকিং সেবার ব্যবস্থা করবে।

সাবস্ক্রিপশন বাতিল বা রিনিউয়ের সুরক্ষা জোরদার করা
সাবস্ক্রিপশন সার্ভিস দৈনিক জীবনের একটি অংশ কিন্তু তা বাতিল করা প্রায়ই অপ্রয়োজনীয়ভাবে জটিল। গভর্নর Hochul (হোকল) লেজিস্লেশনে সাইন করেছেন যা ব্যবসাগুলির জন্য ভোক্তাদের আসন্ন রিনিউ করার তারিখ সম্পর্কে জানানো এবং সাবস্ক্রিপশন কীভাবে বাতিল করতে হয় তার স্পষ্ট নির্দেশনা দেওয়া বাধ্যতামূলক করে। ভোক্তাদের আরো সুরক্ষা দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) বাড়তি লেজিস্লেশনের প্রস্তাব করবেন যাতে নিশ্চিত করা যায় যে বাতিল করার প্রক্রিয়া সরল, স্বচ্ছ, এবং ন্যায্য হয়, যা নিশ্চিত করবে যাতে একটি সাবস্ক্রিপশন বাতিল করা সাইন আপ করার মতোই সহজ হয়। এই পদক্ষেপগুলি ভোক্তা অধিকার নিরাপদ রাখার এবং লুণ্ঠনমূলক প্র্যাকটিস প্রতিরোধে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে আরেকবার নিশ্চিত করবে।

"এখন কিনে পরে দাম দেওয়ার " ঋণের তত্ত্বাবধান স্থাপন করা
"এখন কিনে পরে দাম দেওয়ার (Buy Now, Pay Later)" ঋণের জনপ্রিয়তা বাড়ছে কিন্তু এটি ভোক্তাদের জন্য ঝুঁকির কারণ হতে পারে, যেমন ওভারএক্সটেনশন, অনিয়মিত ক্রেডিট রিপোর্টিং, ডেটা প্রতারণা, এবং অত্যধিক ফি। এই দুশ্চিন্তাগুলি এই দ্রুত বিকাশ পেতে থাকা আর্থিক খাতে আরো শক্তিশালী তত্ত্বাবধানের প্রয়োজনের উপর আলোকপাত করে।

গভর্নর Hochul (হোকল) লেজিস্লেশনের প্রস্তাব করেছেন যা এখন কিনে পরে দাম দেওয়ার সুযোগ প্রদানকারীদের জন্য একটি লাইসেন্সিং এবং সুপারভিশন ফ্রেমওয়ার্ক স্থাপন করবে। এই উদ্যোগটি নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আসবে, যেমন ডিসক্লোজার আবশ্যিকতা, দ্বন্দ্ব সমাধানের

স্ট্যান্ডার্ড, লেট ফি-এর সীমা, এবং ডেটার প্রাইভেসি সুরক্ষা যাতে নিশ্চিত করা যায় যে কাস্টোমাররা এইসব আর্থিক পণ্য ব্যবহার করার সময় আরো সুরক্ষিত থাকবে।

রেভিনিউ রিটার্নের জন্য এনার্জি সার্ভিস কোম্পানিগুলিকে দায়বদ্ধ করা

ইউটিলিটি কোম্পানিগুলির জন্য ক্লেইম করা হয়নি এমন তহবিল নিউ ইয়র্কের বাসিন্দাদের ফেরত দেওয়া বাধ্যতামূলক, কিন্তু এনার্জি সার্ভিস কোম্পানিগুলি (Energy Service Companies, ESCOs) একই আবশ্যিকতার অধীনে নেই, যার ফলে একটি লুপহোল তৈরি হয়েছে যা বাসিন্দাদের অধিকারের অর্থ শূন্যস্থান দিয়ে বের হয়ে যাওয়ার ঝুঁকিতে ফেলছে। এটি সমাধান করার জন্য গভর্নর লেজিস্লেশনের প্রস্তাব করবেন যা নিশ্চিত করবে যে ESCOs ইউটিলিটি কোম্পানিগুলির মতো একই আবশ্যিকতার অধীনে থাকে।

বয়স্কদের আর্থিক শোষণের মোকাবেলা করা

প্রতি বছর বয়স্ক আমেরিকানরা আর্থিক স্ক্যাম ও প্রতারণায় কয়েক বিলিয়ন মার্কিন ডলার হারায়। অপরাধীরা নিষ্ঠুরতার সাথে বয়স্ক নিউ ইয়র্কবাসীদের সাথে স্ক্যাম করতে চায়, যার ফলে তাদের সঞ্চয় এবং আর্থিক নিরাপত্তার উপায় হারিয়ে যেতে পারে।

বয়স্কদের আর্থিক শোষণের মোকাবেলা করতে গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশন চান যা ফ্রড কর্মকাণ্ডের বিরুদ্ধে সুরক্ষা দিবে, বিশেষ সন্দেহমূলক লেনদেন বন্ধ করতে ব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠানকে আরো কর্তৃত্ব দিয়ে এবং সন্দেহজনক প্রতারণা ও ফ্রডকে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাছে এবং অ্যাডাল্ট প্রোটেক্টিভ সার্ভিসেসের (Adult Protective Services) কাছে রিপোর্ট করা বাধ্যতামূলক করার মাধ্যমে এটি করা হবে। স্টেট যাতে আর্থিক প্রতিষ্ঠানগুলির জন্য বয়স্কদের এবং দুর্বল প্রাপ্তবয়স্কদের অটোনোমি সুরক্ষিত রেখে আর্থিক শোষণ সনাক্ত করতে পারার ট্রেনিং তৈরি করতে পারে তার জন্য আরো সমর্থন দেওয়া হবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিন্টেনডেন্ট Adrienne Harris (এড্রিয়ান হ্যারিস) বলেন, "ওভারড্রাফ্ট সুরক্ষার মতো সেবা ব্যবহার করা এবং কেনাকাটার জন্য এখন কিনে পরে দাম দেওয়ার মতো পণ্য ব্যবহার করার জন্য নিউ ইয়র্কবাসীদের জরিমানা হওয়া উচিত না। প্রতারণামূলক ওভারড্রাফ্ট ফি নিষিদ্ধ করতে এবং এখন কিনে পরে দাম দেওয়ার কোম্পানিগুলি যাতে আর স্টেটে অনিয়ন্ত্রিতভাবে কাজ করতে না পারে তা নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) সাথে কাজ করতে পেরে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ার Rory M. Christian (রোরি এম ক্রিস্টিয়ান) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে ভোক্তাদের সাহায্য করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক কাজের জন্য আমি তার প্রশংসা করছি, এবং এনার্জি সার্ভিস কোম্পানিগুলিকে তাদের কাস্টোমারদের প্রতি দায়বদ্ধ করার নতুন এই পদক্ষেপ সেই দিকে একটি বিশাল ধাপ।"

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি মোসলি) বলেন, "ডিভিশন অফ কনজিউমার প্রোটেকশনে (Division of Consumer Protection) আমরা দোকান থেকে বা অনলাইনে কেনাকাটা করার আগে, সময় এবং পরে ভোক্তাদের ঠকানো থেকে সুরক্ষা দিতে পরিশ্রম করছি। অন্যায় পক্ষগুলিকে দায়বদ্ধ করবে এবং মার্কেটপ্লেসে নিউ

ইয়র্কের ভোক্তাদের পক্ষ নিবে এমন আইনকে জোরদার করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনার আমরা প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন